যুগান্তর

তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম ৩

# যৌন হয়রানির ঘটনায় ঢাবি ভিসি চুপ কেন

—— ড. জাফর ইকবাল

**সিলেট ব্যুরো/শাবি প্রতিনিধি**

পহেলা বৈশাখে যৌন হয়রানির ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক চুপ থাকার বিষয়ে সমালোচনা করেছেন অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। তিনি ঢাবি ভিসির প্রতি প্রশ্ন রাখেন— এ ঘটনায় আপনি চুপ কেন? মঙ্গলবার শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধন-পরবর্তী সমাবেশে তিনি এসব কথা বলেন। দুপুর সাড়ে ১২টায় কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালিত হয়। ড. জাফর ইকবাল বলেন, ওইদিন একই সঙ্গে ঢাকা, জাহাঙ্গীরনগর এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নারীর শ্লীলতাহানির ঘটনা ঘটেছে। তার মধ্যে জাহাঙ্গীরনগর এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ঘটনায় ছাত্রলীগ জড়িত বলে প্রমাণ পাওয়া গেছে।

এর মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছয়জন ছাত্রলীগ কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ে কারা জড়িত এখনও খুঁজে বের করতে পারেনি প্রশাসন। ঢাবি ভিসি যিনি নৈতিকতার ধারক-বাহক উনার মুখ থেকে এখন পর্যন্ত কোনো কথা বের হয়নি।

তিনি আরও বলেন, আমি বিভিন্ন সংবাদ মাধ্যমে জানতে পেরেছি ঢাবির পাশাপাশি জাহাঙ্গীরনগরেও ছাত্রলীগের আটজন মিলে আদিবাসী এক মেয়েকে ধর্ষণ করেছে।